

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
- ২। পূর্বানুমোদিত নোটশীটের কপি।
- ৩। প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।
- ৪। মাস ক্লিনিং কাজের কমিটি কর্তৃক অনুমোদিত দরের কপি।
- ৫। পিপিআর-২০২৫ এর বিধি ১০১(১) (Force Account) এর কপি।
- ৬। প্রাক্কলন।

Name of work: Mass Cleaning of sewer line & manhole at Mohakhali DOHS Road 1,2,3,5,6,8,10,11,12,16,17,18,19,19/B & 19/C at DMA-510 under MODS Zone-5, Dhaka WASA.

০১। ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৫, ঢাকা শহরের বিত্তীর্ন এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের অধীনে মহাখালী ডিওএইচএস এলাকায় বিভিন্ন ব্যাসের পয়ঃলাইন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃলাইন দ্বারা সংশ্লিষ্ট এলাকার গ্রাহকগণের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সেবা প্রদানের মাধ্যমে ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। অত্র জোনের আওতাধীন পয়ঃলাইন সমূহ দীর্ঘ দিনের পুরাতন এবং জরাজীর্ণ অবস্থায় আছে। ফলে বিভিন্ন এলাকা হতে প্রায়ই সুয়ার ওভার-ফ্লো এর অভিযোগ আসে। এতে গ্রাহক অসন্তুষ্টিসহ পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্মক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। অত্র জোনের আওতাধীন আলোচ্য এলাকায় সঠিক পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষণ রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই জরুরী ভিত্তিতে সুয়ার লাইন ও ম্যানহোল মাস ক্লিনিং কাজ করা প্রয়োজন।

০২। সেই প্রেক্ষিতে মডস জোন-৫ এর আওতাধীন আলোচ্য এলাকায় মাস ক্লিনিং কাজ সম্পন্ন করার উদ্যোগ নেওয়া হয়েছে। মাস ক্লিনিং কাজে লেবার নিয়োজিত করে বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন করা হবে। পরবর্তিতে ট্রাক / ভ্যান গাড়ীর মাধ্যমে স্লাজ অপসারণ করা হবে। এখানে উল্লেখ্য যে, স্লাজ উত্তোলন কাজে বিভাগীয় ভাবে স্লাজ ডি-ওয়াটারিং পাম্প ব্যবহার করা হবে। ঢাকা ওয়াসার গঠনকৃত টাঙ্কফোর্স টীম-৩ কর্তৃক বর্ণিত মাস ক্লিনিং কাজটি মনিটরিং করা হবে।

০৩। অত্র জোনের আওতাধীন আলোচ্য এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন কাজে প্রয়োজনীয় শ্রমিক নিয়োজিত করার জন্য অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৳ ১,৯২,০০০/- (এক লক্ষ বিরানব্বই হাজার) টাকা মাত্র। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০১(১) (Force Account) অনুসরণে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত কাজ শেষে ব্যয়কৃত টাকা অনুমোদিত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-৪৫ Package No- SLM16 হতে নির্বাহ করা যেতে পারে।

০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে জরুরী ভিত্তিতে, জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে এবং সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে Mass Cleaning of sewer line & manhole at Mohakhali DOHS Road 1,2,3,5,6,8,10,11,12,16,17,18,19,19/B & 19/C at DMA-510 under MODS Zone-5, Dhaka WASA. শীর্ষক কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ উপস্থাপন করা হল।

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সর্বমোট ট ১,৯২,০০০/- (এক লক্ষ বিরানব্বই হাজার) টাকার প্রাক্কলনটি ব্যয় সম্পাদন করা যেতে পারে;

খ) আলোচ্য কাজটি পিপিআর ২০২৫ এর বিধি ১০১(১) অনুযায়ী ফোর্স একাউন্ট প্রয়োগ করে মুজুরির বিনিময়ে বিভাগীয়ভাবে শ্রমিক নিয়োগ করে সম্পাদন করা যেতে পারে;

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ” (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং ৪৫ হতে নির্বাহ করা যেতে পারে;

উপস্থাপিত প্রস্তাব সমূহের আলোকে হিসাব বিভাগ বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।

মোঃ আব্দুস সালাম
উপ-সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-৫, ঢাকা ওয়াসা

MOHAMMED SAIFUR RAHMAN CHOWDRY
ASSISTANT ENGINEER
MODS ZONE-05
DHAKA WASA

মোহাম্মদ তৌহিদ এলাহী
নির্বাহী প্রকৌশলী (চ: দাঃ)
মড্‌স জোন-৫, ঢাকা ওয়াসা

(ঠ) প্রাকৃতিক দুর্যোগ হইতে উদ্ধৃত কোনো জরুরি পরিস্থিতি বা অনুরূপ সংকট মোকাবিলায় অথবা রাষ্ট্রীয়ভাবে গুরুত্বপূর্ণ কোনো বিষয় নিষ্পত্তিতে বা ইভেন্টের প্রয়োজনে তফসিল-২-এ বর্ণিত মূল্যসীমার মধ্যে পণ্য, কার্য এবং ভৌতসেবা ক্রয় করা হইলে; বা

(ড) তফসিল-২-এ বর্ণিত মূল্যসীমা অতিক্রম না করা সাপেক্ষে, অতিজরুরি বা প্রয়োজনীয় পণ্য, কার্য বা ভৌতসেবা ক্রয়।

(২) সরকার, আইনের ধারা ৬৮ অনুসারে, জরুরি প্রয়োজনে তফসিল-২-এ উপবিধি (১)-এর দফা (ঠ) ও (ড)-এর বিপরীতে বর্ণিত মূল্যসীমার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে, অর্থনৈতিক বিষয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশক্রমে, সরাসরি ক্রয় পদ্ধতি প্রয়োগ করিয়া ক্রয়কার্য সম্পন্ন করিতে পারিবে।

(৩) দারিদ্র্য নিরসনের লক্ষ্যসংবলিত অনুমোদিত প্রকল্পের প্রকল্প দলিলে বা কর্মসূচিতে অথবা অন্য কোনো অনুমোদিত প্রকল্প দলিল বা কর্মসূচিতে, সংস্থান থাকা সাপেক্ষে, প্রকল্পের বা কর্মসূচির পরিচালন ম্যানুয়াল (Operational manual) অনুসরণক্রমে প্রকল্পের বা কর্মসূচির সুবিধাভোগী সংগঠন, ভূমিহীন জনগোষ্ঠী অথবা গ্রামীণ সংগঠনের সহিত ক্রয়কারী সরাসরি চুক্তিসম্পাদন করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, প্রকল্প বা কর্মসূচি বাস্তবায়ন কমিটি উক্ত ম্যানুয়াল অনুসরণে ক্ষুদ্রকার্য, আনুষঙ্গিক মালামাল অথবা সরাসরি শ্রমক্রয় করিবে।

(৪) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ (জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ) প্রকল্প বাস্তবায়ন কমিটি, শ্রমচুক্তি সমিতি, ক্ষিম বাস্তবায়ন কমিটি বা অন্য কোনো কমিটি, উহা যে নামে অভিহিত করা হউক না কেন, এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশিকায় বর্ণিত আর্থিক সীমা ও পদ্ধতি অনুসরণপূর্বক কোনো প্রকল্পের জন্য ক্ষুদ্রকার্য, পণ্য এবং সরাসরি শ্রমক্রয় করিতে পারিবে।

(৫) ভৌতসেবা প্রদানকারীর সহিত সম্পাদিত চুক্তির অধীনে সেবাসম্পাদনের ধারাবাহিকতা রক্ষাকল্পে, সরাসরি চুক্তির মাধ্যমে বৎসরভিত্তিক বা তদপেক্ষা স্বল্পতর সময়ের জন্য উক্ত সেবাসম্পাদনের পরিসর বৃদ্ধি করা যাইবে, যদি প্রতিযোগিতার ভিত্তিতে উক্ত সেবা প্রদানকারীর সহিত প্রথমবার চুক্তিসম্পাদন করা হইয়া থাকে এবং ইতঃপূর্বে সম্পাদিত চুক্তি অনুযায়ী প্রদত্ত সেবা সন্তোষজনকভাবে প্রতিপালিত হয়।

১০০। **নগদ ক্রয়।**—(১) ক্রয়কারী, তফসিল-২-এ বর্ণিত মূল্য ও বাৎসরিক মোট ব্যয়সীমার মধ্যে স্বল্প মূল্যের পণ্য এবং জরুরি ও আবশ্যকীয় কার্য, সেবা (যেমন—রক্ষণাবেক্ষণ, মেরামত, পরিবহণ এবং অন্যান্য সেবা, ইত্যাদি), বরাদ্দ বিভাজন অনুমোদনসাপেক্ষে, সরাসরি ক্রয় করিতে পারিবে এবং এইক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন প্রয়োজন হইবে না।

(২) ক্রয়কারী, ক্রয়ের প্রকৃতি বিবেচনায়, কোনো কর্মকর্তা বা, তৎকর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত অনধিক ৩ (তিন) সদস্যবিশিষ্ট ক্রয় কমিটির মাধ্যমে এই ধারার অধীন কোনো ক্রয়কার্য সম্পন্ন করিতে পারিবে।

(৩) উপবিধি (১)-এর অধীন ক্রয়ের ক্ষেত্রে নগদ বা চেকের মাধ্যমে মূল্যপরিশোধ করা যাইবে এবং উক্ত ক্ষেত্রে কোনো ক্রয় আদেশ বা চুক্তিস্বাক্ষর করা আবশ্যিক হইবে না।

১০১। ফোর্স অ্যাকাউন্টের প্রয়োগ।—(১) তফসিল-২-এ বর্ণিত মূল্যসীমার মধ্যে ব্যয়সীমিত থাকা এবং বরাদ্দ বিভাজন অনুমোদনসাপেক্ষে, বিভাগীয় প্রয়োজনে মজুরির বিনিময়ে সরাসরি শ্রমিক নিয়োগের ক্ষেত্রে ফোর্স অ্যাকাউন্ট প্রয়োগ করা যাইতে পারে এবং নগদ ক্রয়ের ন্যায় এইক্ষেত্রেও ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন প্রয়োজন হইবে না।

(২) ফোর্স অ্যাকাউন্টের অধীন বিভাগীয় কার্যসম্পাদনের লক্ষ্যে উপকরণ ও যন্ত্রপাতি ক্রয় এবং অতিরিক্ত সরঞ্জামাদি ভাড়া করিবার ক্ষেত্রে অন্যান্য ক্রয়পদ্ধতি যথা—কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি বা বিধি ৯৯-এর অধীন সরাসরি চুক্তি পদ্ধতি বা বিধি ১০০-এর অধীন নগদ ক্রয়ের ব্যবহার করা যাইতে পারে।

অংশ-৮

আন্তর্জাতিক ক্রয়

১০২। আন্তর্জাতিক প্রতিযোগিতার ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি প্রয়োগের শর্তাবলি ও কার্যপ্রণালি।—(১) আইনের ধারা ৩৩-এর উদ্দেশ্য পূরণকল্পে, আন্তর্জাতিক দরপত্রের ক্ষেত্রে নিম্নবর্ণিত অতিরিক্ত শর্তাবলির প্রতিপালন নিশ্চিত করিতে হইবে:

(ক) দরপত্র দাখিলের জন্য সময়সীমা এমনভাবে নির্ধারণ করিতে হইবে যাহাতে সম্ভাব্য সকল দরপত্রদাতার নিকট দরপত্র দাখিলের আহ্বান পৌঁছায় এবং তাহারা দরপত্র প্রস্তুত ও দাখিলের জন্য পর্যাপ্ত সময় পায় এবং পুনরায় দরপত্র আহ্বান করিবার ক্ষেত্রে তফসিল-২-এ বর্ণিত ন্যূনতম সময় পায়:

তবে শর্ত থাকে যে, সরকার, আইনের ধারা ৬৮-এ বর্ণিত রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে বা বিপর্যয়কর কোনো ঘটনা মোকাবিলায় জন্য ক্রয়ের ক্ষেত্রে, জনস্বার্থে, সরকার কর্তৃক গঠিত অর্থনৈতিক বিষয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সুপারিশক্রমে, ক্রয়প্রক্রিয়ার সময়সীমা হ্রাস করিতে পারিবে।

(খ) আন্তর্জাতিক মান বা আন্তর্জাতিক বাণিজ্যে বহুল ব্যবহৃত মানের ভিত্তিতে কারিগরি মাননির্ধারণ করিতে হইবে এবং উহা বাংলাদেশে ব্যবহৃত মানের সহিত সংগতিপূর্ণ হইতে হইবে;

(গ) বাংলাদেশি মান অনন্য (Unique) বলিয়া বিবেচিত হইলে অধিক প্রতিযোগিতা নিশ্চিত করিবার জন্য উক্ত মানের সহিত ‘অথবা সমতুল্য (Equivalent)’ শব্দগুলি যুক্ত করিতে হইবে।

(ঘ) দরপত্রদাতাগণকে দরপত্র, দরপত্র জামানত বা কার্যসম্পাদন জামানত যেসকল মুদ্রায় উদ্ধৃত করিবার অনুমতি প্রদান করা হইবে উহা দরপত্র দলিলে উল্লেখ করিতে হইবে এবং দরপত্রে উদ্ধৃত উক্ত মুদ্রা বা মুদ্রাসমূহ উল্লেখ করিয়া চুক্তিসম্পাদন ও চুক্তিমূল্য পরিশোধ করিতে হইবে;

বিধি	সময়, মূল্য, ইত্যাদি
	উপজেলা পর্যায়ের দপ্তরের ক্ষেত্রে: ► প্রতি ক্রয়ের ক্ষেত্রে অনধিক ৪০০০০ (চল্লিশ হাজার) টাকা, বৎসরে অনধিক ১৫ (পনেরো) লক্ষ টাকা; উন্নয়ন বাজেট: মন্ত্রণালয়/বিভাগ অথবা অধিদপ্তর বা সংস্থার সদর দপ্তরের ক্ষেত্রে: ► প্রতি ক্রয়ের ক্ষেত্রে ৭৫০০০ (পঁচাত্তর হাজার) টাকা, বৎসরে অনধিক ২৫ (পঁচিশ) লক্ষ টাকা; ‘ক’-শ্রেণির প্রকল্প পরিচালকের ক্ষেত্রে: ► প্রতি ক্রয়ের ক্ষেত্রে অনধিক ৫০০০০ (পঞ্চাশ হাজার) টাকা, বৎসরে অনধিক ২০ (বিশ) লক্ষ টাকা; ‘খ’-শ্রেণির প্রকল্প পরিচালকের ক্ষেত্রে: ► প্রতি ক্রয়ের ক্ষেত্রে অনধিক ৪০০০০ (চল্লিশ হাজার) টাকা, বৎসরে অনধিক ১৫ (পনের) লক্ষ টাকা; ‘গ’-শ্রেণির প্রকল্প পরিচালকের ক্ষেত্রে: ► প্রতি ক্রয়ের ক্ষেত্রে অনধিক ৩০০০০ (ত্রিশ হাজার) টাকা, বৎসরে অনধিক ১০ (দশ) লক্ষ টাকা;
১০১(১)	ফোর্স একাউন্ট (Force Account) এর অধীন ক্রয়ের পরিমাণ: ► প্রতিক্ষেত্রে অনধিক ০৪ (চার) লক্ষ টাকা;
১০২ (১)(ক)	আন্তর্জাতিক প্রতিযোগিতার মাধ্যমে পণ্য এবং কার্য ও ভৌতসেবা ক্রয়ের দরপত্র প্রস্তুত ও দাখিলের সময়সীমা: ► উন্মুক্ত দরপত্র পদ্ধতির ক্ষেত্রে পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে ৪২ (বিয়াল্লিশ) দিনের কম হইবে না; ► পুনঃদরপত্র আহ্বানের ক্ষেত্রে পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে ২৮ (আটাশ) দিনের কম হইবে না; ► দুই পর্যায়বিশিষ্ট দরপত্র পদ্ধতির ক্ষেত্রে পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে প্রথম পর্যায়ের জন্য ৪২ (বিয়াল্লিশ) এবং দ্বিতীয় পর্যায়ের জন্য ২১ (একুশ) দিনের কম হইবে না।
১০২ (১)(ঙ)	বাংলাদেশি ইকনোমিক অপারেটরদের স্থানীয় অগ্রাধিকার (domestic preference) সুবিধা প্রদানের সুযোগ: ► পণ্যের ক্ষেত্রে সরবরাহ মূল্যের (delivered price) অনধিক ১৫% (শতকরা পনের ভাগ);

Office of the Executive Engineer

Mods Zone-5, Dhaka WASA.

55, Bri uttom A.K. Khandakar Road,
Mohakhali, T.B. Hospital Main Gate,
Dhaka-1212.

Phone coll - 02222299338, e-mail : Modszone05dwasa@gmail.com

Estimate

Name of work: Mass Cleaning of sewer line & manhole at Mohakhali DOHS Road 1,2,3,5,6,8,10,11,12,16,17,18,19,19/B & 19/C at DMA-510 under MODS Zone-5, Dhaka WASA.

SL No.	Basis of rate	Description of the item	Qnty	Unit	Rate (TK)	Total Amount (TK)
1	2	3	4	5	6	7
1		Providing man power (daily basis) for Mass Cleaning of sewer line & manhole at Mohakhali DOHS Road 1,2,3,5,6,8,10,11,12,16,17,18,19,19/B & 19/C at DMA-510 under MODS Zone-5, Dhaka WASA.				
	Approved rate	Group X Cleaning Labaur X Days				
		2 X 5 X 16= 160 Nos				
		Total = 160 Nos	160	Each	1200.00	192000.00
Total Taka=						192000.00

In Word (Taka): One lac Ninety Two Thousand only.


মোঃ সাইফুর সালাম
উপ-সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-৫, ঢাকা ওয়াসা


03/12/25
MOHAMMED SAIFUR RAHMAN CHOWDURY
ASSISTANT ENGINEER .
MODS ZONE-05
DHAKA WASA


07-12-2025
মোহাম্মদ তৌহিদ এলাহী
নির্বাহী প্রকৌশলী (চ: দা:)
মড্‌স জোন-৫, ঢাকা ওয়াসা